

২৪

## মহেশখালীর লিডারশীপ বিশ্ববিদ্যালয়ে গরীব ও মেধাবীদের বিশ্বমানের শিক্ষার সুযোগ

কক্সবাজার অফিস

গরীব মেধাবী শিক্ষার্থীদের জন্য বাংলাদেশে বিশ্বমানের উচ্চ শিক্ষার সুযোগ এনে দিয়েছে কক্সবাজারের মহেশখালী গ্রামে প্রতিষ্ঠিত লিডারশীপ ইউনিভার্সিটি কলেজ। গ্রামগঞ্জের গরীব মেধাবী ছাত্রছাত্রীরা যারা বিদেশে পড়াশোনা দূরের কথা বাংলাদেশে উচ্চ শিক্ষার সুযোগ পায় না তাদের জন্যই বিশ্বমানের উচ্চ শিক্ষার আসলো জুটিয়েছে লিডারশীপ ইউনিভার্সিটি কলেজ। বাংলাদেশের শিক্ষার্থীদের বিশ্ব নেতৃত্বে অংশ নিতে পারার যত্নে যোগ্য করে গড়ে তোলার প্রত্যয় নিয়ে প্রতিষ্ঠিত হয় এই প্রতিষ্ঠান। লিডারশীপ ইউনিভার্সিটি কলেজ আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে গত ২০০৭ সালের এপ্রিল মাস থেকে। প্রতিষ্ঠার ১ বছর পার হতে না হতেই সাক্ষরতার সূচী উন্নিত হয়েছে এই প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের। পাশাপাশি বাংলাদেশে আন্তর্জাতিক মানের পড়াশোনার সুযোগসহ বিভিন্ন সুযোগ-সুবিধাদি দিয়ে গ্রামগঞ্জের মেধাবী শিক্ষার্থীদের গড়ে তোলার সহযোগিতার হাত বাড়িয়েছেন সৌদি শিখ ভাসম বিন ওয়ালিদেদ সৌদি আরবের কিংডম চারিতেশন। গত সোমবার ইউনিভার্সিটি কলেজ ক্যাম্পাসে সৌদি প্রতিষ্ঠান কিংডম চারিতেশনের অনুদানে ৫ তলা বিশিষ্ট ছাত্রী হোস্টেল ও ৩০টি ফার্মিসী কোয়ার্টারের আনুষ্ঠানিক কাজ শুরু করেন কলেজের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হুশিদ রাশেদ। জানা গেছে, কলেজের শিক্ত, কর্তব্যরীসহ ছাত্রীদের

আবাসিক সুবিধার জন্য নির্মাণ করা হচ্ছে ৫ তলা বিশিষ্ট হোস্টেল ও ৩০টি ফার্মিসী কোয়ার্টার। অস্ট্রেলিয়ান সরকারি প্রতিষ্ঠান ট্র্যাপ নিউজ অথরাইজড চুক্তিযোগে সম্পূর্ণ এই প্রতিষ্ঠানে বর্তমানে ইংলিশ ফর ফার্সার টাডিজ, ইনফরমেশন টেকনোলজি (ডিগ্রোনা টু ডিগ্রি) ভর্তি হওয়া ছাত্রদের বিত্তীয় সেমিস্টার সমাপনীর পথে। ১ ফেব্রুয়ারী কলেজের মেধাবী উপযোগী (এপিএলএস) ৫ জন ছাত্রকে অস্ট্রেলিয়ার পড়াশোনা করার জন্য ফাইন্যান্সিয়াল লার্শরশীপ দেয়ার ঘোষণা দেয়া হয়েছে কলেজের পক্ষ থেকে। কলেজ ক্যাম্পাসে ৫ তলা ভবনের কাজ উদ্বোধনী পরবর্তী অনুষ্ঠিত এক সভায় লিডারশীপ ইউনিভার্সিটি কলেজের ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান ড. হুশিদ রাশেদ এ কথা বলেন। তিনি বলেন, গরীব অথচ মেধাবী ছাত্রছাত্রীদের বিশ্বমানের উচ্চ শিক্ষার সুযোগ দেয়া এবং এসব ছাত্ররা যাতে বিশ্ব পরিচালনায় নেতৃত্ব নিতে পারে এ লক্ষ্যে অস্ট্রেলিয়া সরকারের সহযোগিতায় মহেশখালীতে প্রতিষ্ঠিত হয়েছে লিডারশীপ ইউনিভার্সিটি কলেজ। লিডারশীপ ইউনিভার্সিটি কলেজ শুরু থেকে এই পর্যন্ত সুনামের সাথে তার লক্ষ্যপানে এগিয়ে চলেছে বলেও মন্তব্য করেন। ক্যাম্পাস মিলনায়তনে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন শামসুল হক শাহরক, কলেজের সিইও আবু সাইদসহ বিভিন্ন সংবাদ মাধ্যমের সাংবাদিক ও ছাত্রছাত্রীরা।